# রাসূল [সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের] গৃহে একদিন

বিভাগ/অধ্যায়ঃ বিষয়সূচী এবং বিস্তারিত

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কথা-বার্তা

ইতি পূর্বে আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তাঁর কতিপয় গুণাবলী অবলোকন করলাম। এবার আমরা তাঁর কথা-বার্তা সম্পর্কে অবগত হব, তিনি কি ভাবে কোন ভঙ্গিতে কথা বলতেন! রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কথা বলার পূর্বে আমরা তার কথার কিছু বর্ণনা শুনব।

আয়েশা রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন:

«ما كان رسول الله ـ صلى الله عليه وسلم ـ يسرد سردكم هذا، ولكنه كان يتكلم بكلام بين، فصل، يحفظه من جلس إليه»

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তোমাদের মত এমন তাড়াতাড়ি কথা বলতেন না, এক নাগাড়ে কথা বলে যেতেন না। বরং তিনি স্পষ্ট ও ধীর স্থিরভাবে কথা বলতেন, তার বৈঠকে যারা উপস্থিত থাকত, সবাই তার কথাগুলি মুখস্থ করে ফেলত।[1]

তাঁর কথা-বার্তা ছিল অতি সহজ ও নরম। তিনি চাইতেন যে, তাঁর কথা যেন বোধগম্য হয় এবং শ্রোতারা বুঝতে পারে। তার উম্মতের প্রতি এত খেয়াল ছিল যে, তারা কে কতটুকু বুঝতে সক্ষম সে শ্রেণী ভেদ বিবেচনা করে কথা বলতেন, শ্রোতাদের বুঝ শক্তির ব্যবধানের প্রতি লক্ষ্য করে কথা বলতেন, সবাই যাতে বুঝতে পারে তার প্রতি লক্ষ্য রেখে কথা বলতেন। একথা এটাই প্রমাণ করে যে, তিনি ছিলেন অত্যন্ত ধৈর্যশীল ও সহনশীল।

আয়েশা রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন:

«كان كلام رسول الله ـ صلى الله عليه وسلم ـ كلامًا فصلاً يفهمه كل من يسمعه »

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কথা বলার পদ্ধতি ছিল ধীর-স্থির, যারাই তার কথা শুনত সবাই তা বুঝতে পারত।[2]

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বিনয়, উদারতা ও প্রশস্ত হৃদয়ের প্রতি লক্ষ্য করুন, তার কথাকে বুঝার জন্য একটি কথাকে তিনি বারবার- পুনরায়- বলতেন।

আনাস বিন মালিক রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন,

«كان رسول الله ـ صلى الله عليه وسلم ـ يعيد الكلمة ثلاثًا لتعقل عنه»

কথাকে ভালভাবে বুঝার জন্য রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার কথাকে তিন বার করে পুনরাবৃত্তি করতেন।[3]

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মানুষের সাথে নরম ও কোমল ব্যবহার করতেন এবং তারা যেন তাতে ভয়

না করে সে জন্য প্রবোধ দান করতেন। কেননা অনেকেই এমন ছিল যারা তাকে ভয় করত!।

ইবনে মাসউদ হতে বর্ণিত, তিনি বলেন:

> أتى النبي ـ صلى الله عليه وسلم ـ رجل فكلمه فجعل يرعد فرائصه فقال له ـ صلى الله عليه وسلم ـ: «هون عليك فإني لست بملك، إنما أنا ابن امرأة تأكل القديد».

একদা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট এক ব্যক্তি উপস্থিত হয়ে তাঁর সাথে ভয়ে ভয়ে কথা বলতে লাগল, অত:পর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বলেন: তুমি ভয় করো না, কেননা আমি কোন রাজা-বাদশাহ নই। আমি তো এক মহিলার সন্তান যিনি শুকনা মাংস খেয়েছেন।[4]

## ফুটনোট

[1] তিরমিযি, হাদিস: ৩৬৩৯

[2] আবু দাউদ, হাদিস: ৪৮৩৯

[3] বুখারী, হাদিস: ৯৪, ৯৫, ৬২৪৪

[4] ইবন মাজাহ, হাদিস: ৩৩১২

Source — https://www.hadithbd.com/books/link/?id=8373

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন